৪৭

দৈনিক সংবাদ

তারিখ ...15 JAN 1996 ...
পৃষ্ঠা .. ৭ কলাম .. ৩....

# অনুদান মিলছে না ।। ফরিদপুরে ৯০টি স্কুল চালাতে হচ্ছে ঋণ প্রদান কর্মসূচির আয়ে

।। ইউসুফ রেজা মন্টু ।।

ফরিদপুর, ১৪ই জানুয়ারি।– পল্লী প্রগতি সহায়ক সমিতির চেয়ারম্যান আকবর কবির বলেছেন, ফরিদপুরের ১৭৮টি গ্রামে বুনিয়াদী স্কুল রয়েছে ৯০টি। পল্লী প্রগতি সহায়ক সমিতি পরিচালিত এসব স্কুলের মধ্যে ৪৫টি কিশোর এবং ৪৫টি বয়স্ক শিক্ষা। অথচ অনুদানের অভাবে এসব স্কুল চালানো বর্তমানে দায় হয়ে ওঠেছে। ফলে এসব স্কুল ক্রেডিট প্রোগ্রামের আয় দিয়ে চালাতে হচ্ছে।

পল্লী প্রগতি সহায়ক সমিতির ৬ষ্ঠ মহাসম্মেলনের উদ্বোধনী বক্তব্যে তিনি একথা বলেন। কোমরপুরের আবদুল আজিজ ইন্সটিটিউশন মাঠে অনুষ্ঠিত উক্ত মহা–সম্মেলনে পল্লী প্রগতি সহায়ক সমিতির ৪৬৮টি সমিতির প্রায় ১০ হাজার প্রতিনিধি উপস্থিত ছিলেন। সম্মেলনে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আলহাজ মঞ্জুরুল হক, অম্বিকাপুর ও গেরদা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদ্বয়, ৮টি ইউনিয়নের অংগ সমিতির ৮২৯ জন প্রতিনিধি ও নির্বাহী কমিটি সদস্য আবুল বাসার মিয়া। সম্মেলনে সংস্থার প্রতিবেদন পাঠ করেন সাধারণ সম্পাদক সৈয়দ আলী জগলুল পাশা।

সমিতির চেয়ারম্যান আকবর কবির বলেন, আমাদের স্কুল থেকে ২২ জন ছাত্র/ছাত্রী মাধ্যমিক পাস করে। এদের মধ্যে স্টার মার্ক পেয়েছে ৫ জন। পড়াশুনার মান ভাল বলেই আমাদের স্কুলের ছাত্র/ছাত্রীদেরকে অন্যান্য স্কুলে লুফে নিয়ে থাকে।

তিনি বলেন, ৮টি ইউনিয়নে ৪৬৮টি সমিতি রয়েছে। এর প্রতিটি সমিতির সদস্য সংখ্যা ১২৫ জন করে মোট ৫৮ হাজার ৫শ'। এসব সদস্যের ৮০ ভাগই হচ্ছে মহিলা। তিনি বলেন, পল্লী প্রগতি সহায়ক সমিতির আওতায় ১২ হাজার লোনি রয়েছে। এরা কাগজে নাম সই করে টাকা নিয়ে থাকে। এটা পল্লী প্রগতির একটি বাধ্যতামূলক ব্যবস্থা।

তিনি বলেন, এখানে সদস্য পদ পাবার মধ্যে কিছু বিধিনিষেধ রয়েছে। যেমন দেড় বিঘা জমির উর্ধ্বে কারো জমি থাকলে তাকে সদস্য করা যাবে না। এছাড়া যিনিই সদস্য হবেন তাকে বছরে অন্তত একবারের জন্য হলেও শ্রম দিতে হবে।



ফরিদপুর ঃ পল্লী প্রগতি সহায়ক সমিতির চেয়ারম্যান আকবর কবির সমিতির ষষ্ঠ মহাসম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন। সম্মেলনে প্রায় ১০ হাজার মহিলা সদস্য প্রতিনিধি উপস্থিত ছিলেন। —সংবাদ